



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও

Phone & Fax: 0561-52064; Mobile: 01740416817; web: tgc.edu.bd; e-mail: thakurgaon\_govt\_college@yahoo.com

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ১৫/১১/২০২১ খ্রি.

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি কলেজে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে বিএ/বিএসএস/বিবিএস/বিএস-সি কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে On Line আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদন পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

### আবেদন ফরম প্রাপ্তি ও জমাদান

- আবেদন ফরম ডাউনলোড : ১৪/১১/২১ থেকে ৩০/১১/২১ খ্রি. পর্যন্ত।  
আবেদন ফরম জমাদান : ১৫/১১/২১ থেকে ০১/১২/২১ খ্রি. পর্যন্ত ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময়ে কলেজের কন্ট্রোল রুমে (পুরাতন শিক্ষক মিলনায়তন) জমা দিতে হবে।

### আবেদনের সাধারণ যোগ্যতা

- ক) বাংলাদেশে স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড/উনুজ্ঞ বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৬/২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC ও সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- খ) ২০১৬/২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।
- গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।
- ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ বা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে। একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো প্রার্থী এক বা একাধিক কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### আবেদনকারীর জন্য করণীয়

- ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions)-এর Degree Pass Tab এর Apply Now অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। সঠিকভাবে আবেদন ফরম পূরণ ও ডাউনলোড করতে হবে। সেডকৃত ফরমটির কোনো তথ্য পরবর্তীতে সংশোধন বা বাতিল করা যাবে না বিধায় অত্যন্ত সর্তকতার সাথে ফরম পূরণ করতে হবে।
- খ) ডাউনলোডকৃত আবেদন ফরমটি A4 (8.5"×11") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নির্ধারিত স্থানে প্রার্থীকে স্বাক্ষর করতে হবে।
- গ) অতঃপর প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) শিওরক্যাশের মাধ্যমে পরিশোধ করতে হবে। শিওরক্যাশে ফি পরিশোধের Keyword: TGCNU। টাকা জমা দেওয়ার পর Transaction ID আবেদন ফরমের উপর লিখতে হবে।
- ঘ) পূরণকৃত আবেদন ফরম উপরে বর্ণিত সময়সীমার মধ্যে কন্ট্রোলরুমে জমা দিয়ে এডমিট কার্ড (Student Copy) সংগ্রহ করতে হবে।

ক্লাস শুরু তারিখ: ২০ ডিসেম্বর ২০২১।

দ্রষ্টব্য: চূড়ান্ত ভর্তির সময়সূচি, ভর্তি ফি ও অন্যান্য তথ্যাবলী পরবর্তী সময়ে কলেজের ওয়েবসাইট (www.tgc.edu.bd) নোটিশের মাধ্যমে জানানো হবে।

অভিযক্ষক  
  
২০২১/২০

(প্রফেসর আবুল খায়ের মোঃ আব্দুল মজিদ)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।

১৫/১১/২১

(মোঃ সামিউল ইসলাম)

সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও আহবায়ক  
২০২০-২০২১ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ভর্তি কমিটি  
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।